গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, রাজশাহী
www.bkkb.rajshahidiv.gov.bd

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহীতে ২৭/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আনোয়ার যাইদ, পরিচালক<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী। |
| সভার স্থান | : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী এর কমিউনিটি সেন্টার হল রুম। |
| সভার তারিখ ও সময় | : ২৭/১২/২০২৩ খ্রি. সকাল ১১.০০ টা। |

**(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক")**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভায় বোর্ডের কার্যক্রম উপস্থাপনের জন্য উপপরিচালক কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪টি সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকা ২০২৩-২৪ বাস্তবায়নের জন্য সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় সভা রাজশাহী বিভাগীয় কার্যালয়ে আয়োজন করা হয়েছে। উপপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী হতে দাপ্তরিক কর্মকান্ড ও এ কার্যালয় হতে প্রদত্ত সেবাসমূহ ও সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে বিশদভাবে অবহিত করেন। অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সকলকে মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে তাদেঁর মূল্যবান মতামত/পরামর্শ প্রদানের আহবান জানান। উপস্থিত সকলে নিম্নরুপ আলোচনা/মতামত ব্যক্ত করেনঃ

০২। মো: আনোয়ার হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার, ডিআইজি রাজশাহী রেঞ্জ কার্যালয়, রাজশাহী: যৌথবীমা অনুদানের জন্য পুলিশ সদস্যগণ কোন গ্রেডের কর্মকর্তা/কর্মচারী আবেদন করতে পারবেন সে বিষয়ে প্রশ্ন করেন। জবাবে পরিচালক মহোদয় বলেন যে, যৌথবীমার আবেদনের জন্য সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারী কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে যৌথবীমার অনুদান পাবে।

০৩। সুকুমার মোহন্ত, সহকারী পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী: তিনি বলেন যে, কর্মচারী কল্যাণ বোর্ড হতে যে সব অনুদান দেয়া হয় তার অর্থ চেক এর মাধ্যমে না হয়ে ই-এফটির মাধ্যমে সরাসরি আবেদনকারীর ব্যাংক একাউন্টএ যাওয়াতে সংশ্লিষ্ট অফিস প্রধান অবগত হন না। আউটসোর্সিং কর্মচারীরা এই দপ্তর থেকে কোনো সুযোগ সুবিধা পাবে কি না সে বিষয়ে জানতে চান। যৌথ কল্যাণ দাফন এর আবেদনে সংযুক্তি কমানো যায় কিনা সে ব্যাপারে জানতে চান। তাঁর উত্তরে পরিচালক মহোদয় বলেন যে, সেবাগ্রহীতাদের সুবিধার জন্য অত্র দপ্তর হতে এখন আর চেক এর মাধ্যমে কোনো অর্থ প্রদান করা হয় না। গ্রাহকের ব্যাংক হিসাবনম্বরে সরাসরি ইএফটির মাধ্যমে প্রদান করা হয়। তবে সংশ্লিষ্ট অফিস প্রধান এর অবগত করণের জন্য অনুদানের সফট অয়ার হতে এসএমএস প্রেরণের বিষয়টি ইতোমধ্যে প্রধান কার্যালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।

০৪। মোঃ আমিনুল ইসলাম, সহকারী অধ্যাপক, রাজশাহী কলেজ, রাজশাহী-তিনি বলেন যে, এই কার্যালয় হতে যেসব সেবা অনলাইনের মাধ্যমে দেওয়া হয় তার আবেদন কিভাবে করা যায় সে বিষয়ে জানতে চান। পরিচালক মহোদয় তাঁর প্রশ্নের জবাবে বলেন, প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে অভ্যন্তরীণ ই-সেবায় সকল সেবার নিয়মকানুন বিস্তারিতভাবে দেওয়া আছে। যা পড়লে যে কেউ সহজে আবেদন দাখিল করতে পারবেন, বা প্রয়োজনে হেল্পলাইনের সহায়তা নিতে পারবেন।

CamScanner

০৫। মোহা: রমজান আলী, প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহীঃ তিনি বলেন যে, জটিল রোগের ক্ষেত্রে কত টাকা খরচ হলে তা জটিল রোগ বলে গণ্য হবে? সাধারণ চিকিৎসা যখন অনলাইনের মাধ্যমে নিষ্পন্ন হবে তখন কি হার্ডকপিও পাঠাতে হবে কিনা? তাঁর জবাবে পরিচালক মহোদয় বলেন যে, রোগের ধরণ অনুযায়ী তা জটিল বলে গণ্য হবে এবং যৌথ কল্যাণ ও দাফনের ক্ষেত্রে যেমন হার্ডকপি পাঠাতে হয় ঠিক তেমনি চিকিৎসার ক্ষেত্রেও পাঠাতে হবে।

০৬। মো: শাহ আলম শেখ, প্রশাসনিক কর্মকর্তা, গণপূর্ত জোন, রাজশাহী- তিনি বলেন যে, অবসরপ্রাপ্ত মৃত কর্মচারীর স্ত্রীর ৮ জন সন্তান থাকা সত্তেও কল্যাণ বোর্ডে মাসিক কল্যাণ ও দাফনের আবেদন করলে ৪ জন সন্তান ক্ষমতাপ্রদান করলে করণীয় কি? জবাবে সভাপতি বলেন যে, ওয়ার্ড কাউন্সিলর বা ইউনিয়ন চেয়ারম্যান যদি ৪ জন সন্তানকেই ওয়ারিশ উল্লেখ করে ওয়ারিশান সনদ ও ক্ষমতাপত্রে স্বাক্ষর করে তাহলে সম্পূর্ণ অংশ মৃত কর্মচারীর স্ত্রী পাবেন। পরবর্তীতে যদি বাকি ৪ সন্তান সেই অর্থ দাবি করে, তাহলে তারা আর পুনরায় অর্থ পাবেনা।

০৭। মো: সাদিকুল ইসলাম, সিনিয়র শিক্ষক, গভ: ল্যাবরেটরী হাইস্কুল, রাজশাহীঃ তিনি বলেন যে, স্ত্রীর সিজারের জন্য ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকার আবেদন করে খুবই কম বরাদ্দ পাওয়ায় এ বিষয়ে জানতে চান। পরিচালক মহোদয় বলেন যে, বাছাই কমিটি ও বরাদ্দ কমিটিতে বিশেষজ্ঞ চিকিৎসক ও মেডিকেল অফিসার আবেদনকারীর রোগের গুরুত্ব ও ব্যয় বিবেচনায় এনে যে সিদ্ধান্ত নেন তার ভিত্তিতেই চূড়ান্ত অর্থ মঞ্জুর করা হয়।

০৮। মো: মাসুম আলী, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহীঃ তিনি বলেন যে, শিক্ষাবৃত্তির প্রতি ক্লাসওয়ারি কোনো ফিক্সড এমাউন্ট আছে কি না এবং মৃত, অবসর ও অক্ষম কর্মচারীর ১৩ গ্রেড এর উপরের কোনো কর্মচারী কর্মকর্তা আবেদন করতে পারবে কি না? জবাবে পরিচালক বলেন যে, ক্লাসওয়ারি শিক্ষাবৃত্তির যে পরিমাণ তা প্রতি বছর আলাদা হারে প্রধান কার্যালয় কর্তৃক নির্ধারিত এবং মৃত, অবসর ও অক্ষম কর্মচারীর ক্ষেত্রে সকল গ্রেড এর কর্মকর্তা/কর্মচারী আবেদন করতে পারবেন।

০৯। মোহা: রমজান আলী, প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহীঃ অনলাইন ভিত্তিক আবেদন পত্রের ইউজার আইডি ও পাসওয়ার্ড সম্পর্কে তিনি জানতে চান এবং সরাসরি আবেদনপত্র জমা দেওয়া যাবে কি না, তা জানতে চান। জবাবে পরিচালক মহোদয় বলেন যে, আবেদন করার সময় আবেদনকারী যে মোবাইল নম্বর ব্যবহার করবেন সেটাই তার ইউজার আইডি এবং যে গোপন পিন নম্বরটি দেওয়া হবে সেটাই তার পাওয়ার্ড। সিটি কর্পোরেশন এর ভেতর হলে পিয়ন বুকের মাধ্যমে আবেদন জমা দিতে পারবেন এবং সিটি কর্পোরেশনের বাহিরে হলে ডাকযোগে পাঠাতে পারবেন।

১০। মোসা: কাশমিরা খাতুন, পরিবার পরিকল্পনা সহকারী, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহীঃ সাধারন চিকিৎসা অনুদানের আবেদন করার বিষয় সম্পর্কে জানতে চান এবং কত দিনের মধ্যে তা নিষ্পন্ন হবে, তা জানতে চান। জবাবে পরিচালক মহোদয় বলেন যে, সাধারণ চিকিৎসা অনুদানের জন্য আবেদনগুলি রিসিভ করার পর সফট অয়্যারে এন্ট্রি ও এসএমএস প্রেরণের পরবর্তী মাসের মিটিং এ উত্থাপন হবে এবং বরাদ্দ কমিটির অনুমোদনের পর তিন কার্যদিবসের মধ্যে ইএফটি এর মাধ্যমে টাকা পাবেন।

সভায় আর কোনো বক্তব্য না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/০৭/২০২৫

(মোঃ আনোয়ার যাইদ)
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড,
বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

CS CamScanner

স্মারক নং-০৫.৮১.৮১০০.০০২.০১.০১০.২২ (খন্ড-২).১৭৪ তারিখ: ০২/০১/২০২৩

**অনুলিপি- সদয় জ্ঞাতার্থে:**

০১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব),বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের অবহিতকরণের জন্য)
০৩। অফিস কপি।

০২/০১/২০২৩

(মোঃ আনোয়ার যাইদ)
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড,
বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

CamScanner